মুনডেক্স® (ভেট) বোলাস
Moondex® (Vet) Bolus
(ট্রাইক্লাবেন্ডাজল বিপি + লেভামিসল বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে-
ট্রাইক্লাবেন্ডাজল বিপি ২২৫.০০ মি.গ্রা.
লেভামিসল বিপি ১৫০.০০ মি.গ্রা.

বিবরণঃ মুনডেক্স (ভেট) বোলাস একটি বিস্তীর্ণ বর্ণালী কৃমিনাশক যাহার কার্যকরী উপাদান ট্রাইক্লাবেন্ডাজল হল বেনজিমিডাজল গ্রুপের সাম্প্রতিক ডেরিভেটিভ এবং লেভামিসল একটি কলিনার্জিক এজেন্ট। **মুনডেক্স (ভেট) বোলাস** বাছুর, ছাগল ও ভেড়ার কলিজাকৃমি, পাকস্থলি ও অন্ত্রনালীর গোলকৃমি ও ফুসফুসের কৃমিনাশক।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ লেভামিসল কৃমির পক্ষাঘাত ঘটায় এবং ট্রাইক্লাবেন্ডাজল কৃমির কোষের অখন্ডতা ও পরিবহন ফাংশনকে ক্ষতিগ্রস্থ করে শেষ পর্যন্ত কৃমির মৃত্যু ঘটায়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ মুনডেক্স (ভেট) বোলাস অত্যন্ত কার্যকরী কলিজা কৃমি ও গোল কৃমি নাশক। ফেসিওয়ালা হেপাটিকা ও ফেসিওয়ালা জাইগেনটিকা দ্বারা সৃষ্ট সব ধরনের (যথাঃ তীব্র, তীব্র ও ক্রনিক) কলিজাকৃমি জনিত রোগ নিরাময়ে **মুনডেক্স (ভেট) বোলাস** ব্যবহৃত হয়।
পাকস্থলী ও অন্ত্রনালীর গোল কৃমি যথাঃ এবোমেজাম এর হেমনকাস ও অস্টারটেজিয়া, ক্ষুদ্রান্ত্রের কুপারিয়া, ট্রাইকোস্ট্রনজাইলাস ও বুনোস্টোনাম, বৃহদন্ত্রের ইসোফেগোস্টোনাম ও ট্রাইচুরিস এবং ফুসফুসের ডিকটাইওক্লাস প্রজাতির বিভিন্ন প্রকার কৃমি মুনডেক্স (ভেট) বোলাস দ্বারা সমূলে বিনাশ করা যায়। ইহা গবাদি প্রাণির চোখের কৃমি (থেলাজিয়া) চিকিৎসার ক্ষেত্রে-ও ব্যবহৃত হয়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ প্রতি ২০ কেজি দৈহিক ওজনের জন্য ১টি বোলাস (ট্যাবলেট) অথবা ১৯.৫ মি.গ্রা. প্রতি কেজি দৈহিক ওজনের অথবা প্রাণির দৈহিক ওজন বিবেচনা করে নীচের ছক অনুযায়ী খাওয়াতে হবে-

দৈহিক ওজন	বোলাস সংখ্যা
১০-২০ কেজি	১টি
২১-৪০ কেজি	২টি
৪১-৬০ কেজি	৩টি

মুনডেক্স (ভেট) বোলাস পানিতে গুলিয়ে কিংবা কোন খাদ্যের সাথে (যেমন চিটা গুড় বা রাবের সাথে মিশিয়ে কিংবা কলাপাতায় মুড়িয়ে সরাসরি মুখে খাওয়াতে হবে।

অথবা রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ লেভামিসল এবং ট্রাইক্লাবেন্ডাজল-এর প্রতি অতিসংবেদনশীল প্রাণির ক্ষেত্রে ঔষধটি প্রতিনির্দেশিত।

সতর্কতাঃ চিকিৎসা চলাকালীন ও চিকিৎসা পরবর্তী সময় প্রাণিকে পর্যাপ্ত পরিমাণ পানি পান করাতে হবে।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ মুনডেক্স (ভেট) বোলাস প্রাণির দেহে অত্যন্ত সহনীয়। নির্ধারিত মাত্রায় প্রয়োগে এর কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। অন্য যেকোন রোগের চিকিৎসা চলাকালীন সময়েও ব্যবহার করা যায়।

গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে ব্যবহারঃ মুনডেক্স (ভেট) বোলাস গর্ভাবস্থায় সম্পূর্ণ নিরাপদ এবং অনুমোদিত মাত্রায় দুগ্ধবতী প্রাণিতে-ও ব্যবহার করা যায়। **মুনডেক্স (ভেট)** বোলাসের কোন এমব্রায়োনিক টক্সিসিটি বা টেরাটোজেনিক ক্রিয়া নেই।

নিরাপত্তা মাত্রাঃ নির্ধারিত মাত্রার চেয়ে ট্রাইক্লাবেনডাজল ১৬ গুণ এবং লেভামিসল ০৩ গুণ বেশী নিরাপত্তা মাত্রা রয়েছে।

ঔষধের মিথস্ক্রিয়াঃ
ঔষধের সাথে- পাইপেরাজিন, কেটোপ্রফেন, মেলোক্সিক্যাম, লেভোফ্লোক্সাসিন ও পেফ্লোক্সাসিন এর সাথে ট্রাইক্লাবেনডাজল একত্রে ব্যবহারের ফলে ঔষধের কার্যকারীতা হ্রাস পেতে পারে।
খাদ্য ও অন্যান্যর সাথে- ফিড বা খাদ্যের সাথে কোনো মিথস্ক্রিয়া পরিলক্ষিত হয় না।

মাত্রাধিক্যতাঃ প্রাণির প্রকৃত ওজন বা স্বাস্থ্যের অবস্থার উপর ভিত্তি না করে অতিরিক্ত মাত্রায় প্রয়োগে বিভিন্ন প্রাণি বিশেষ করে বাছুরের মধ্যে বিষাক্ততার কারণ হতে পারে।

প্রত্যাহারকালঃ মাংস-২৮ দিন, দুধ-১০ দিন।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ৫×৪ বোলাস/বক্স ও ১০×৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।

শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Web: www.superpowerpharma.com